

## সংবাদ বিজ্ঞপ্তি

### টিআইবি'র তিন কর্মকর্তার বিরুদ্ধে দায়েরকৃত মানহানির দুইটি মামলা খারিজ

ঢাকা, মঙ্গলবার, ১০ জানুয়ারি ২০১২: 'সেবা খাতে দুর্নীতি বিষয়ক জাতীয় খানা জরিপ ২০১০' প্রতিবেদন প্রকাশ পরবর্তী সময়ে টিআইবি'র তিন কর্মকর্তার বিরুদ্ধে দায়েরকৃত মানহানির দুটি মামলা আমলযোগ্য নয় মর্মে আদালত খারিজ করে দিয়েছেন। আজ ১০ জানুয়ারি চট্টগ্রাম মহানগর ম্যাজিস্ট্রেট আদালতের মাননীয় হাকিম এবং গত ৮ জানুয়ারি জেলা জজ আদালতের মাননীয় হাকিম এই আদেশ প্রদান করেন।

আদালতের রায়কে স্বাগত জানিয়ে টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, “আদালতের সিদ্ধান্ত প্রমান করে টিআইবি'র প্রতিবেদনের কারণে কোন ব্যক্তির সংক্ষুদ্ধ হওয়ার মত কোন বিষয় ছিলনা। এই রায়ের ফলে টিআইবি'র খানা জরিপের বৈজ্ঞানিক ভিত্তির সুস্পষ্টতা প্রমানিত হল ও এর আইনগত স্বীকৃতি মিলল। বিচার বিভাগের মর্যাদা ক্ষুণ্ণ করার কোনো উদ্দেশ্য নিয়ে খানা জরিপ পরিচালিত হয় না, বরং সেবাদানকারি প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের জন্য টিআইবি'র একটি নিয়মিত কাজ হিসেবে এটি করা হয়ে থাকে।”

তিনি আরো বলেন, “আদালতের সিদ্ধান্তের মাধ্যমে সত্য ও ন্যায়ের জয় প্রতিষ্ঠিত হয়েছে এবং দেশ ও জনগণের স্বার্থে আমাদের উদ্যোগের যথার্থতা প্রমানিত হয়েছে। বিচারালয়ের ওপর আস্থা রেখেই আমরা আইনের আশ্রয় নিয়েছিলাম। এ ব্যাপারে জনগণের এবং গণমাধ্যমের অকুণ্ঠ সমর্থন আমাদেরকে ভবিষ্যতে যে কোন চ্যালেঞ্জ মোকাবেলা করে দুর্নীতিবিরোধী আন্দোলনকে এগিয়ে নিতে প্রেরণা যোগাবে।”

টিআইবি'র খানা জরিপ প্রকাশের পর ২০১০ সালের ২৬ ডিসেম্বর ব্যক্তিগতভাবে সংক্ষুদ্ধ হয়ে এবং সমগ্র বিচার বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে উল্লেখ করে টিআইবি'র তৎকালীন চেয়ারম্যান এম. হাফিজউদ্দিন খান, নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান এবং সিনিয়র রিসার্চ ফেলো মো. ওয়াহিদ আলমের বিরুদ্ধে চট্টগ্রামে দুটি মামলা দায়ের করা হয়। উল্লেখ্য, জরিপ প্রতিবেদন প্রকাশের পরপরই কুমিল্লায় টিআইবি'র উক্ত তিন কর্মকর্তার বিরুদ্ধে দায়েরকৃত প্রথম মামলা এবং গ্রেফতারের আদেশ পরে প্রত্যাহত হয়েছিল।

উল্লেখ্য, টিআইবি ব্যক্তি পর্যায়ে দুর্নীতির ওপরও কোনো অনুসন্ধান বা তথ্য প্রকাশ করে না। এর সকল কার্যক্রম দুর্নীতির বিরুদ্ধে, সরকার বা এর কোনো প্রতিষ্ঠানের বিরুদ্ধে নয়।

গণমাধ্যম যোগাযোগ

রিজওয়ান - উল - আলম

পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন

মোবাইল: ০১৭১৩ ০৬৫০১২

ইমেইল: [rezwan@ti-bangladesh.org](mailto:rezwan@ti-bangladesh.org)